ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সংগ্রহ বিভাগ-২
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সংগ্রহ বিভাগ-২

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪২৮.০৭.০৩৩.২৩** নথির বিষয়: ঢাকা ওয়াসার এফ.এম. বিভাগের জন্য ৭৫ ঘনমিটার/ঘন্টা ১১০ মিটার হেড এবং ৭৫ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড ক্যাপাসিটি এর সাব-মার্সিবল পাম্প-মটর সংগ্রহ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **ঢাকা ওয়াসার এফ.এম. বিভাগের জন্য ৭৫ ঘনমিটার/ঘন্টা ১১০ মিটার হেড এবং ৭৫ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড ক্যাপাসিটি এর সাব-মার্সিবল পাম্প-মটর সংগ্রহ প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৪/১০/২৩ ১১:২১ অপরাহ্ন

ঢাকা ওয়াসার এফ. এম. বিভাগ-১ এর আওতাধীন এলাকায় ৬০০ টি এবং এফ. এম. বিভাগ-২ এর আওতাধীন এলাকায় ৬৫৭ টি বিভিন্ন সাইজের গভীর নলকূপ চালু আছে এবং প্রতিনিয়ত এই সংখ্যা বৃদ্ধি পাচ্ছে । ঢাকা ওয়াসার পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রতি অর্থবছরে পাম্প-মটর সংগ্রহ একটি স্বাভাবিক প্রক্রিয়া। সেই প্রক্রিয়ার অংশ হিসাবে এফ.এম বিভাগ-১ ও ২ হতে ২০২৩-২৪ অর্থবছরে পাম্প-মটর সংগ্রহের চাহিদাপত্র সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সফটওয়্যার এর মাধ্যমে পাওয়া গিয়েছে (সং: ক্র:-১)। আগামী শুষ্ক মৌসুম ও পবিত্র রমজান মাসে গ্রাহকের পানির চাহিদা বিবেচনায় প্রাপ্ত পাম্প-মটরের চাহিদাপত্র নিয়ে উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) মহোদয়ের সহিত আলোচনা হলে তিনি ৭৫ ঘনমিটার/ঘন্টা ১১০ মিটার হেড এবং ৭৫ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড ক্যাপাসিটি এর ৫৫ সেট সাব-মার্সিবল পাম্প-মটর সংগ্রহের উদ্যোগ গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করেন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৪/১০/২৩ ১১:২১ অপরাহ্ন

৭৫ ঘনমিটার/ঘন্টা ১১০ মিটার হেড এবং ৭৫ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড ক্যাপাসিটি এর ৫৫ সেট সাব-মার্সিবল পাম্প-মটর সংগ্রহের লক্ষ্যে সর্বশেষ গৃহিত দর (সংযুক্তি নং-৪) এর ভিত্তিতে একটি প্রাক্কলন প্রণয়ন করে সংযুক্তি নং-৫ এ উপস্থাপন করা হল। প্রণীত প্রাক্কলনটিতে প্রতি সেট ৭৫ ঘনমিটার/ঘন্টা ১১০ মিটার হেড সাব-মার্সিবল পাম্প-মটরের সর্বশেষ গৃহিত দর ৳ ৮,৯৯,০০০.০০ এবং প্রতি সেট ৭৫ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড সাব-মার্সিবল পাম্প-মটরের সর্বশেষ গৃহিত দর ৳ ৯,৩৮,৫০০.০০ হিসাবে মোট ৫৫ (পঞ্চান্ন) সেট পাম্প-মটরের প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳ ৫,০৬,৩০,০০০.০০ (পাঁচ কোটি ছয় লক্ষ ত্রিশ হাজার টাকা মাত্র)। রিলেটেড সার্ভিস বাবদ প্রতিটি পাম্প-মটর Installation করতে ৳ ২০,০০০.০০ হারে মোট সরবরাহের ১০% তথা ৬ সেট পাম্প-মটর Installation বাবদ প্রাক্কলিত ব্যয় টাঃ- ১,২০,০০০.০০ (এক লক্ষ বিশ হাজার টাকা মাত্র)। উক্ত মতে, মালামাল ক্রয় ও রিলেটেড সার্ভিসসহ সর্বমোট প্রাক্কলিতব্যয় ৳ ৫,০৭,৫০,০০০.০০ (পাঁচ কোটি সাত লক্ষ পঁঞ্চাশ হাজার টাকা মাত্র)। সংগ্রহ বিভাগ-২ এর ২০২২-২৩ ইং অর্থবছরের পাম্প-মটর ক্রয় কাজের ১৪২২.৪৩ লক্ষ টাকা ২০২৩-২৪ইং অর্থবছরের Carried-Over হওয়ায় আলোচ্য সংগ্রহ কাজটির ব্যয় সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ ইং অর্থবছরের পাম্প-মটর ক্রয় খাতের বরাদ্দ হতে নির্বাহ করা সম্ভব নয়। বিধায় আলোচ্য সংগ্রহ কাজের ব্যয় ২০২৩-২৪ ইং অর্থবছরের সংশোধিত বাজেটে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নির্বাহ করা হবে। ২০২৩-২৪ ইং অর্থবছরের সংশোধিত বাজেটে আলোচ্য কাজের জন্য বরাদ্দ না পাওয়া যায়, সেক্ষেত্রে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা হবে। DoFP অনুযায়ী আলোচ্য সংগ্রহ কাজের Approving Authority হল ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৪/১০/২৩ ১১:২৫ অপরাহ্ন

আলোচ্য সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণে One Stage Two Envelope Tendering Method (OSTETM) পদ্ধতিতে সম্পাদন করা যেতে পারে । উল্লেখ্য যে, আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্ববান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। কাজের দরপত্র দলিল Standard Tender Document (STD) PG3 অনুযায়ী প্রণয়ন করা হবে। কাজের দরপত্র দলিলের TDS অংশের সরবরাহকারীর যোগ্যতার প্যারায় ITT 15.1(a)-তে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (Overall Supply Experience) ৫ বৎসর এবং ITT 15.1 (b) (The satisfactory completion of supply of similar Goods of minimum 710 lac under maximum 02 (two) contracts in the last 03 (three) of years. i.e. years counting backward from the date of publication of IFT in the e-GP System The minimum specific experience as Supplier in supply of similar Goods of at least 02 (two) contract(s) successfully completed within the last 03 (three) years, each with a value of at least Tk. 355 lac) রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial criteria হিসাবে ITT 16 (a) তে দরদাতার নুন্যতম লিকুইড এসেট ৪৫০.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে। প্রসঙ্গত উল্লেখ্য যে, নিরবচ্ছিন্ন পানি সরবরাহের লক্ষ্যে এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় ঢাকা ওয়াসায় বর্তমানে অধিক উন্নতমানের দীর্ঘস্থায়ী পাম্প প্রয়োজন । উন্নতমানের দীর্ঘস্থায়ী পাম্প সংগ্রহের লক্ষ্যে দরপত্রের শর্তে “Country of Origin হিসাবে USA, Germany, France, Sweden, Denmark, Netherland, Switzerland, England, Finland & Japan or Equivalent Countries.” উল্লেখ রাখা যেতে পারে । মালামালের গুনগতমান রক্ষায় ওয়ারেন্টি পিরিয়ডের মধ্যে সরবরাহকৃত মালামালের কোন ত্রুটি পরিলিক্ষিত হলে সরবরাহকারীকে নিজ খরচে ত্রুটিপুর্ন পাম্প-মটর প্রতিস্থাপন (Replace) করে দেওয়ার ব্যাপারে উর্ধতন কতৃপক্ষের নির্দেশনা রয়েছে । সেইপ্রেক্ষিতে মালামালের Technical Specification এর মধ্যে “If within the warranty period specified in GCC 33.3 any defect is found in the supplied goods, the supplier shall have to replace the defected goods within the period specified in GCC 33.6”এবং ITT Clause 22 (m) এ পূর্বের অন্যান্য শর্তের সহিত দরপত্রে পাম্প-মটরের যন্ত্রাংশের মূল্য প্রস্তাবিত দরের শতকরা হার অনুযায়ী ছক আকারে দাখিলের বিষয়টি উল্লেখ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৬):

১। 1 এফ.এম. বিভাগ ১ ও ২ হতে প্রাপ্ত চাহিদা পত্র এবং প্রাপ্ত ডিমান্ড বিশ্লেষন।.
২। 2 ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।.
৩। 3 টেকনিক্যাল স্পেসিফিকেশন।.

৪। 4 সর্বশেষ গৃহিত দরের কপি।.
৫। 5 যন্ত্রাংশের শতকরা হরে দর প্রদানের ছক।.
৬। 6 প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৪/১০/২৩ ১১:২৫ অপরাহ্ণ

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার পানি সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার স্বার্থে নোট অনুচ্ছেদ- ১.০ ও ১.১ এর বর্ণনা নুযায়ী ৭৫ ঘনমিটার/ঘন্টা ১১০ মিটার হেড এবং ৭৫ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড ক্যাপাসিটি এর ৪০ সেট সাব-মার্সিবল পাম্প-মটর সংগ্রহ কাজের নিমিত্ত নিম্নোক্ত প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উপস্থাপিত সর্বমোট ৳ ৫,০৭,৫০,০০০.০০ (পাঁচ কোটি সাত লক্ষ পঁঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি অনুমোদন।

খ) আলোচ্য সংগ্রহ কাজের ব্যয় ২০২৩-২৪ ইং অর্থবছরের সংশোধিত বাজেটে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নির্বাহের অনুমোদন। ২০২৩-২৪ ইং অর্থবছরের সংশোধিত বাজেটে আলোচ্য কাজের ব্যয় বরাদ্দ না পাওয়া যায় সেক্ষেত্রে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নির্বাহ করার অনুমোদন।

গ) সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন ।

ঘ) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরন পুর্বক One Stage Two Envelope Tendering Method (OSTETM) পদ্ধতিতে বাস্তবায়নের অনুমোদন।

ঙ) উন্নত মানের দীর্ঘস্থায়ী পাম্প সংগ্রহের লক্ষ্যে দরপত্র দলিলে "Country of Origin হিসাবে USA, Germany, France, Sweden, Denmark, Netherland, Switzerland, England, Finland & Japan or Equivalent Countries." উল্লেখ রাখার অনুমোদন।

চ) ITT Clause 22 (m) এ পূর্বের অন্যান্য শর্তের সহিত দরপত্রে পাম্প-মটরের যন্ত্রাংশের মূল্য প্রস্তাবিত দরের শতকরা হার অনুযায়ী ছক আকারে দাখিল করার বিষয়টি উল্লেখ রাখার অনুমোদন।

৪/১০/২৩ ১১:২৬ অপরাহ্ণ মোঃ মাহফুজুর রহমান উপ-সহকারি প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	৪/১০/২৩ ১১:৩১ অপরাহ্ণ সাইমুল হক সহকারি প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	৫/১০/২৩ ৮:৫৭ পূর্বাহ্ণ মোঃ জয়নাল আবদীন নির্বাহী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	৫/১০/২৩ ১:৪৩ অপরাহ্ণ মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল

১৫/১০/২৩ ৪:২৩ অপরাহ্ণ
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~১৫/১০/২৩ ৪:২৩ অপরাহ্ণ~~
~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৬/১০/২৩ ৯:৪৬ পূর্বাহ্ণ

Forwarded for the approval of note 1.3.

ঢাকা ওয়াসা

১৬/১০/২৩ ৯:৪৭ পূর্বাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

~~১৬/১০/২৩ ৯:৪৭ পূর্বাহ্ন~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৩/১০/২৩ ৮:৫৩ পূর্বাহ্ন

Okay

২৩/১০/২৩ ৮:৫৪ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২৪/১০/২৩ ৮:০৮ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

২৫/১০/২৩ ৪:২৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~২৫/১০/২৩ ৪:২৬ অপরাহ্ন~~
~~মোঃ জয়নাল আবদীন~~
~~নির্বাহী প্রকৌশলী~~
~~সংগ্রহ বিভাগ-২~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ২৫/১০/২৩ ১০:৩৬ অপরাহ্ন

প্রয়োজনীয় ব্যবস্থা নিন ।

২৫/১০/২৩ ১০:৩৯ অপরাহ্ন
মোঃ জয়নাল আবদীন
নির্বাহী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২

২৬/১০/২৩ ৯:৫৫ পূর্বাহ্ন
সাইমুল হক
সহকারি প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২

২৬/১০/২৩ ৯:৫৫ পূর্বাহ্ন
মোঃ মাহফুজুর রহমান
উপ-সহকারি প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২